



# ST. LAWRENCE HIGH SCHOOL

(A Jesuit Christian Minority Institution)

2<sup>nd</sup> Terminal Examination– 2019



Subject: Bengali Model Answer  
Duration: 1 hr 30 min.

Class: 2A & C

F.M.: 45

Date: 02.08.2019

Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.

## ‘ক’ বিভাগ

- ১। অর্থ:-  
বুনো - বনের  
মানা - নিষেধ / বারণ  
উভয় পার্শ্ব - দুপাশ / দুদিক
- ২। বিপরীত শব্দ:  
ক্ষুদ্র - বৃহৎ  
আপন - পর  
চেনা - অচেনা

৩। ক) উ: এমন প্রায় লক্ষ গ্রাম আছে সমস্ত ভারতে।

খ) উ: নেকড়ে - মাকড়সার শিকার ধরবার কৌশল অতি অদ্ভুত।

৪। বাক্য রচনা : ছাত্ররা নিজে লিখবে।

## ‘খ’ বিভাগ

৫। ক) তাই একদিন বুঝি ধোঁয়া ডানা মেলে  
মেঘ হয়ে আকাশেতে গেল অবহেলে।

খ) জগতের কাজে জগতের মাঝে  
আপনি ভুলিয়া রবা।

গ) ছোটো বটে তবু তোমার জগতে  
আমাদেরও কাজ আছে।

৬। ক) উ: ফুল ভাবে সে কবে ডানা মেলে তার যেখানে খুশি সেখানে উড়ে যাবে আর তার খুব মজা হবে।  
শেষকালে সে ডানা মেলে প্রজাপতি হয়।

খ) উ: প্রার্থনা কবিতাটির কবির নাম হল যোগীন্দ্রনাথ সরকার।  
এই কবিতায় ছোটো শিশুরা সকলকে ভালোবাসা দিতে চায় ও সকলের বেদনা ঘুচিয়ে জীবন সফল করতে চায়।

গ)উ: সিদ্ধার্থ অনামা নদীর পারে নামলেন।

নদীর যে পারে তিনি নামলেন সে পারে ছিল ভাঙন জমি-সেখানে ঘাট নেই, কেবল পাথর আর কাঁটা।

ঘ)উ: পিপড়েরা মাকড়সারমতো দ্রুতবেগে ছুটতে পারে না। তাই মাকড়সার বাচ্চারা যখন পিপড়েদের খাবার চুরি করে দ্রুত পালিয়ে যায় তখন পিপড়েরা তাদের ধরতে পারে না বলেই মাকড়সার বাচ্চারা পিপড়েদের কাছে ধরা পড়ে না।

### ‘গ’ বিভাগ

৭।উ: সুজয় দিদির বিয়ে উপলক্ষে গ্রামে গিয়েছিল

গ্রামে যাবার পথে রেল লাইনের দু-ধারে সুজয় দেখেছিল সবুজ ধানের খেত। কচি বাঁশের বাড় হাওয়ায় দুলছে। কোথাগু দেখেছিল হলদে রঙের বুনো ফুল ফুটে আছে আবার কোথাগু দেখেছিল পুকুরের জলে পদ্মের মতো শালুক ফুল ভাসছে। আর দেখেছিল এক জায়গায় সরু একটি খালের হাঁটু জলে একপাল ছেলে মাছ ধরছে।

৮।উ: আমাদের দেশে প্রায় সর্বত্রই ঘরের দেওয়াল, মেঝে বা বেড়ার গায়ে নেকড়ে - মাকড়সা দেখতে পাওয়া যায়।

এরা আধ ইঞ্চি লম্বা হয়।

সাধারণত এরা মাছি শিকার করে জীবনধারণ করে ও প্রায় পনেরো - ষোলোটি ডিম পাড়ে।

৯। অনুচ্ছেদ লিখন :- ছাত্রেরা নিজেরা লিখবে।

১০। বোধ পরীক্ষণ :-

ক)উ: দিদি খোকনকে পরীর কথা শোনায়।

খ)উ: পরীটি খোকনের সামনে এসে দাঁড়াল।

গ) অর্থ :- ডানা - পাখা

ঘ) বিপরীত শব্দ :- দেশ - বিদেশ

ঙ) বাক্য রচনা :- ছাত্রেরা নিজেরা লিখবে।